



ডিজিটাল ওয়ার্ল্ড পুরস্কৃত ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

তথ্য ও প্রযুক্তি খাতে অবদান রাখায় শিক্ষা খাতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২০১৭ সালের ডিজিটাল ওয়ার্ল্ড পুরস্কার অর্জন করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল ওয়ার্ল্ডের সমাপনী অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মোজাম্মেল হক আজাদ খানের হাতে ক্রেস্ট তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

সংগঠন ও পরিচালনা পরিষদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

